গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website : www.dnc.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী "মুজিববর্ষ" উদযাপন উপলক্ষে প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী :

সভাপতি ঃ জনাব মোহাম্মদ আহসানুল জব্বার
মহাপরিচালক।

তারিখ ঃ ০৭ ফেব্রুয়ারি ২০২১।

সময় ঃ বেলা ০৩ ঃ ০০ টা।

স্থান ঃ অধিদপ্তরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি ঃ "পরিশিষ্ট -ক" দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ২০২১ সাল আমাদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বছর । জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী "মুজিববর্ষ" পালনের পাশাপাশি এ বছর আমরা স্বাধীনতার 'সুবর্ণ জয়ন্তী' উদযাপন করতে যাচ্ছি। করোনা মহামারির কারণে "মুজিববর্ষ" উপলক্ষে গৃহীত কয়েকটি কর্মসূচি নির্ধারিত সময়ে বাস্তবায়ন করা যায়নি। ইতোমধ্যে সরকার মুজিববর্ষের সময়কাল ১৭ মার্চ ২০২০ থেকে ১৬ ডিসেম্বর ২০২১ পর্যন্ত বর্ধিত ঘোষণা করেছে। এ সংক্রান্ত প্রজ্ঞাপনটি গেজেট আকারে গত ১৪/১২/২০২০ তারিখে প্রকাশিত হয়েছে। সভাপতি "মুজিববর্ষ" উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গৃহীত কর্মসূচিগুলো যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সকলকে আন্তরিকভাবে দায়িত্ব পালনের অনুরোধ জানান।

২। সভায় "মুজিববর্ষ" উদযাপন উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের গৃহীত কর্মসূচিগুলোর সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৩। সভায় আলোচনা ও সকলের মতামতের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.১	সরকার অনুমোদিত সকল বেসরকারি নিরাময় কেন্দ্রে বিনামূল্যে কাউন্সিলিং সেবা প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি সকল বেসরকারি নিরাময় কেন্দ্রে এ কর্মসূচিটি যথাযথভাবে পালিত হচ্ছে কিনা তা নিশ্চিত করার জন্য অতিরিক্ত পরিচালকগণকে অনুরোধ করেন। তিনি প্রতিটি বেসরকারি নিরাময় কেন্দ্রের বাইরে দৃশ্যমান স্থানে উক্ত সেবা প্রদানের বিষয়ে একটি করে ব্যানার স্থাপনের জন্য পরামর্শ দেন।এজন্য তিনি প্রত্যেক জেলা অফিসের অনুকূলে প্রয়োজনীয় বাজেট বরাদ্দ দেয়ার জন্যও অনুরোধ করেন।	প্রতিটি বেসরকারি নিরাময় কেন্দ্রের বাইরে দৃশ্যমান স্থানে বিনামূল্যে কাউন্সিলিং দেওয়া হয় মর্মে একটি করে ব্যানার স্থাপন করতে হবে। চিকিৎসা ও পুনর্বাসন শাখা থেকে ব্যানারের নমুনার সফটকপি সকল বিভাগীয় ও জেলা অফিসে প্রেরণ করতে হবে। কাউন্সিলিং সেবা প্রদানের বিষয়ে প্রতিটি নিরাময় কেন্দ্রে একটি রেজিষ্টার সংরক্ষণ করতে হবে এবং রেজিষ্টারে সেবা গ্রহণকারীর তথ্য লিপিবদ্ধ করতে হবে।	১। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২। চীফ কনসালটেন্ট, সিটিসি, ঢাকা। ৩।অতিরিক্ত পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৪।মেডিকেল অফিসার বিভাগীয় নিরাময় কেন্দ্র (সকল)। ৫। উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয়/ মেট্রো কার্যালয় (সকল)। ৬। সহকারি পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.২	(ক) অধিদপ্তরের প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ের সকল অফিসে স্থাপিত বঙ্গবন্ধু বুক কর্ণারে বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ পাঠযোগ্য সুন্দর অক্ষরে টাইপ করে কাঁচের ফ্রেমে বাঁধাই করে দৃশ্যমান স্থানে স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয়। গণযোগাযোগ অধিদপ্তর থেকে ৭ই মার্চের ভাষণ সংগ্রহ করে পাঠযোগ্য সুন্দর অক্ষরে টাইপ করে সকল বিভাগীয় ও জেলা অফিসে প্রেরণ করা যেতে পারে মর্মে সভায় উপস্থিত সকলে মতামত দেন।	(ক) সহকারি পরিচালক (কমন সার্ভিস) ও সহকারি পরিচালক (নিরোধ শিক্ষা) গণযোগাযোগ অধিদপ্তর থেকে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ সংগ্রহ করে পাঠযোগ্য ফন্টে টাইপ করে সকল বিভাগীয় ও জেলা অফিসে প্রেরণের ব্যবস্থা করবেন।	১।চীফ কনসালটেন্ট, সিটিসি, ঢাকা। ২। অতিরিক্ত পরিচালক (সকল) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। ৩। প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা। ৪।মেডিকেল অফিসার বিভাগীয় নিরাময় কেন্দ্র (সকল)। । উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয় (সকল)। ৫। সহকারী পরিচালক (কমন সার্ভিস/নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়,ঢাকা।
	(খ) অধিদপ্তরের সকল অফিসে স্থাপিত বঙ্গবন্ধু বুক কর্ণারে বঙ্গবন্ধুর জীবন ভিত্তিক ঐতিহাসিক ছবি স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা হয় এবং সকল বুক কর্ণারে একই ধরনের ছবি স্থাপন করা যেতে পারে মর্মে সকলে একমত পোষণ করেন।	(খ) বঙ্গবন্ধুর জীবনভিত্তিক ছবি সংগ্রহ ও বাছাই এর নিমিত্ত নিম্নরূপভাবে একটি কমিটি গঠন করা হলোঃ (১) জনাব মুকুল জ্যোতি চাকমা, উপপরিচালক, ঢাকা মেট্রো অঞ্চল (উত্তর)- আহবায়ক। (২) জনাব হামীমুর রশিদ, উপপরিচালক (ক্রয়, উন্নয়ন ও পরিকল্পনা), প্রধান কার্যালয়- সদস্য। (৩) জনাব রাহুল সেন, সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)- সদস্য সচিব। কমিটি বঙ্গবন্ধুর ঐতিহাসিক গুরুত্বপূর্ণ ছবি সংগ্রহ করে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণপূর্বক ছবির সফটকপি সকল বিভাগীয় ও জেলা অফিসে প্রেরণের ব্যবস্থা করবেন।	১। জনাব মুকুল জ্যোতি চাকমা, উপপরিচালক, ঢাকা মেট্রো অঞ্চল (উত্তর)- আহবায়ক। ২। জনাব হামীমুর রশিদ, উপপরিচালক (ক্রয়, উন্নয়ন ও পরিকল্পনা), প্রধান কার্যালয়- সদস্য। ৩। জনাব রাহুল সেন, সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন)- সদস্য সচিব।
৩.৩	'বঙ্গবন্ধু ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' প্রবর্তনের বিষয়ে সভায় আলোচনা হয়। 'বঙ্গবন্ধু ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' এর মাধ্যমে অধিদপ্তর কর্তৃক প্রদেয় সেবাসমূহ চুড়ান্ত করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপকমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন। তিনি বলেন, প্রধান কার্যালয়ের নীচতলায় পশ্চিমপার্শ্বে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার স্থাপনের স্থান নির্ধারণ করা হয়েছে এবং এটি যথাশীঘ্র চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে।	'বঙ্গবন্ধু ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' এর মাধ্যমে চুড়ান্তকৃত সেবাগুলোর সার্ভিস প্রদান দ্রুত বাস্তবায়ন করতে হবে।	১।পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২।সহকারী পরিচালক, (কমন সার্ভিস) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.৪	রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। করোনা মহামারীর কারনে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় কর্মসূচিটি এখনও বাস্তবায়ন করা সম্ভব হয়নি মর্মে সংশ্লিষ্ট উপকমিটির আহবায়ক পরিচালক (অপারেশনস ও গোয়েন্দা) সভাকে অবহিত করেন।	শিক্ষা প্রতিষ্ঠান খোলার ২(দুই) মাসের মধ্যে সকল জেলা অফিস এবং পরবর্তী ০১(এক) মাসের মধ্যে সকল বিভাগীয় অফিস কর্মসূচিটি বাস্তবায়ন সম্পন্ন করবে। বিভাগীয় প্রতিযোগিতা শেষ হওয়ার ০১(এক) মাসের মধ্যে কেন্দ্রীয়ভাবে প্রতিযোগিতা আয়োজন ও সম্পন্ন করতে হবে।	১।পরিচালক (অপারেশনস ও গোয়েন্দা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, (সকল)। ৩। উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় / মেট্রো কার্যালয় (সকল)। ৪।সহকারী পরিচালক, (অপারেশনস) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩.৫	সরকারি নিরাময় কেন্দ্রগুলোর বিনামূল্যে চিকিৎসা কার্যক্রম ও মাদকের ক্ষতিকর দিক সম্পর্কে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রচারের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কর্মসূচিটি দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট উপকমিটির আহবায়ক, পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) এবং সদস্য সচিব, সহকারী পারিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) কে পুনরায় অনুরোধ করা হয়।	ফেব্রুয়ারি ২০২১ মাসের মধ্যে প্রিন্ট মিডিয়ায় বিজ্ঞাপন প্রকাশ করতে হবে এবং আগামী মার্চ ২০২১ মাসের মধ্যে ইলেট্রনিক মিডিয়ায় প্রচারের জন্য বিজ্ঞাপন তৈরীর কাজ সম্পন্ন করতে হবে ও এপ্রিল ২০২১ মাস থেকে বিজ্ঞাপনটি প্রচারের ব্যবস্থা করতে হবে।	১।পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২। সহকারী পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩.৬	বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক স্মরণিকা প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। লেফটেন্যান্ট কর্নেল সাজ্জাদ জহির (অবঃ) কে সংশ্লিষ্ট উপকমিটিতে উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।	স্মরণিকা প্রকাশের বিষয়ে গঠিত উপকমিটিতে লেফটেন্যান্ট কর্নেল সাজ্জাদ জহির (অবঃ) কে উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। এ পর্যন্ত প্রাপ্ত লেখাগুলো পুনরায় পরীক্ষা-নিরীক্ষা করতে হবে এবং আগামী মে ২০২১ মাসের মধ্যে স্মরণিকাটি প্রকাশ করতে হবে।	১।পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২। সহকারী পরিচালক (নিরোধ শিক্ষা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩.৭	"বঙ্গবন্ধুর আদর্শ ও জীবন" অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রশিক্ষণ মডিউলে অন্তর্ভুক্তকরণ করা হয়েছে মর্মে সংশ্লিষ্ট উপকমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন। সভায় বিভাগীয় পর্যায়েও অনুষ্ঠিতব্য প্রশিক্ষন মডিউলে "বঙ্গবন্ধুর আদর্শ ও জীবন" অন্তর্ভুক্ত করার বিষয়ে সকলে একমত পোষণ করেন।	বিভাগীয় পর্যায়ে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ মডিউলে "বঙ্গবন্ধুর আদর্শ ও জীবন" ভিত্তিক কমপক্ষে ৪টি সেশন অন্তর্ভুক্ত করতে হবে।	১। পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, (সকল)।
৩.৮	সভায় প্রত্যেক জেলায় একটি করে মাদকবিরোধী প্রচারণামূলক প্রীতি ফুটবল প্রতিযোগীতা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ জানান যে, করোনা মহামারীর কারনে কর্মসূচিটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। তবে বাজেট বরাদ্দ পাওয়া গেলে যথাশীঘ্র কর্মসূচিটি বাস্তবায়ন করা সম্ভব হবে।	কর্মসূচিটি বাস্তবায়নের জন্য জরুরী ভিত্তিতে নির্ধারিত বাজেট বরাদ্দ প্রদান করতে হবে এবং কর্মপরিকল্পনায় উল্লিখিত এপ্রিল ২০২০ থেকে জুন ২০২০ সময়ের মধ্যে তা বাস্তবায়নে তৎপর হতে হবে।	১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, (সকল)। ২।উপপরিচালক/সহকারী পরিচালক, জেলা কার্যালয় / মেট্রো কার্যালয় (সকল)। ৩। সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৩.৯	'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ' বিষয়ভিত্তিক বই পড়া প্রতিযোগীতা আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির আহবায়ক পরিচালক (অপারেশনস ও গোয়েন্দা) সভায় জানান যে, করোনা মহামারীর কারনে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় কর্মসূচিটি এখনো বাস্তবায়ন করা সম্ভব হয়নি। শিক্ষা প্রতিষ্ঠান খোলার সাথে সাথে প্রতিযোগীতা আয়োজনের ব্যবস্থা করা হবে মর্মেও তিনি সভাকে অবহিত করেন।	শিক্ষা প্রতিষ্ঠান খোলার ২(দুই) মাসের মধ্যে সকল জেলা অফিস এবং ০১(এক) মাসের মধ্যে সকল বিভাগীয় অফিস কর্মসূচিটি বাস্তবায়ন সম্পন্ন করবে। বিভাগীয় প্রতিযোগিতা শেষ হওয়ার ০১(এক) মাসের মধ্যে কেন্দ্রীয়ভাবে প্রতিযোগিতা আয়োজন ও সম্পন্ন করতে হবে।	১।পরিচালক (অপারেশনস ও গোয়েন্দা) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, (সকল)। ৩। উপপরিচালক/ সহকারী পরিচালক, জেলা কার্যালয় / মেট্রো কার্যালয় (সকল)। ৪।সহকারী পরিচালক, (অপারেশনস) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৩.১০	বিবিধ : সকল উপকমিটির আহবায়ক ও সদস্য সচিব এবং বিভাগীয় অতিরিক্ত পরিচালকগণ জানান যে, মুজিববর্ষের কর্মপরিকল্পনায় উল্লিখিত অধিকাংশ কর্মসূচি বাস্তবায়নের জন্য সম্ভাব্য ব্যয়ের অর্থ বরাদ্দ এখনও পাওয়া যায়নি।	কর্মপরিকল্পনায় উল্লিখিত সম্ভাব্য ব্যয় অনুযায়ী দ্রুত বাজেট বরাদ্দ দেওয়ার ব্যবস্থা করতে হবে।	১।পরিচালক (প্রশাসন ও অর্থ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা। ২।সহকারী পরিচালক, (অর্থ ও হিসাব) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অতঃপর সভায় আর কোন অলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোহাম্মদ আহসানুল জব্বার)
মহাপরিচালক

নম্বর : ৫৮.০২.০০০০.০০৬.০০.০৩১(অংশ-৪).১৯-৭৯৭

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৭ / ১৬ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন)/চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/সিটিসি, ঢাকা।
২. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ঢাকা ।
৩. সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট অফিসসমূহে ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
৪. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ ময়মনসিংহ/ গোয়েন্দা শাখা, ঢাকা।
৫. উপ-পরিচালক/সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় গোয়েন্দা কার্যালয় /জেলা কার্যালয়/মেট্রো কার্যালয়(উত্তর/দক্ষিণ)/ টেকনাফ বিশেষ জোন,---।
৬. সিনিয়র কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, আঞ্চলিক মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।
৭. রাসায়নিক পরীক্ষক, রাসায়নিক পরীক্ষাগার, চট্টগ্রাম ।
৮. সহকারী পরিচালক (অপারেশনস/ নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন/অর্থ ও হিসাব/কমন সার্ভিস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিরিক্ত মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর এর ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি/গার্ড ফাইল।

১৬/২/২০২১

(মোঃ রবিউল ইসলাম)
উপপরিচালক (নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা)